ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪০০৪

আগরতলা, ২৭ নভেম্বর, ২০২৫

**শিরিডি সাইবাবা মন্দিরের**
**পাদুকা দর্শন অনুষ্ঠানে রাজ্যপাল**



আজ রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু শিরিডি সাইবাবা মন্দিরে আয়োজিত পাদুকা দর্শন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। আমতলিস্থিত এই মন্দিরে আজ সকালে রাজ্যপাল শিরিডি সাইবাবার পাদুকা দর্শন করেন এবং পূজা অর্চনা করে রাজ্যবাসীর মঙ্গল কামনা করেন। পরে সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে রাজ্যপাল বলেন, শিরিডি সাইবাবা ট্রাস্ট রাজ্যের ভক্তদের জন্য সাইবাবার আসল পাদুকা দর্শনের ব্যবস্থা করে দিয়েছে। যা একটি মহৎ উদ্যোগ। তিনি আশা প্রকাশ করেন অগণিত ভক্ত এই সুযোগের সদ্ব্যবহার করবেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******